তারিখ: 01 FEB 2016
পৃষ্ঠা: 2 কলাম: 1-2

আমাদের সময়

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীপ্রতি মাসে ব্যয় ৮১২০ টাকা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পেছনে ২০১৪ সালের প্রতি মাসে মাথাপিছু ব্যয় হয়েছে ৮ হাজার ১২০ টাকা। সে হিসাবে ওই বছর এক শিক্ষার্থীর পেছনে মোট ব্যয় হয় ৯৭ হাজার ৪৪১ টাকা। এর আগের বছর এ ব্যয় ছিল ৮৪ হাজার ১৬০ টাকা ৫০ পয়সা।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) ২০১৪ সালের প্রতিবেদন সংসদে উত্থাপন করে গতকাল এ তথ্য জানান শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে মাথাপিছু সবচেয়ে বেশি ২ লাখ ২৩ হাজার ৫৭১ টাকা ব্যয় হয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে।